

যুব উন্নয়ন অধিদপ্তর (বাস্তবায়ন গ)

গ্রহণ করণের স্বাক্ষর

ও তারিখ :

ডিডি	১২	পেশ	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এডি		আলাপ	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পি.এ	১২	জরুরী	যুব-১ শাখা
			বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
			www.mosports.gov.bd

পরিচালক (বাস্তবায়ন)

স্মারক নং-৩৪.০১.০০০০-০২৬.৪৯.০৯৪.১৭(অংশ), ২০১১-২৬১

তারিখ: ২০ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ বাস্তবায়ন।

যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ গত ২২ এপ্রিল ২০১৭ খ্রি. তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উক্ত বিধিমালার বিধি ৩ (২) মোতাবেক যুব সংগঠন নিবন্ধনের উদ্দেশ্যে ফরম 'ক' এবং স্বীকৃতিপত্রের জন্য ফরম 'খ' অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির অনধিক ৬০ কার্যদিবসের মধ্যে ফরম 'গ' অনুযায়ী নিবন্ধন সনদ এবং ফরম 'ঘ' অনুযায়ী স্বীকৃতিপত্র প্রদান করতে হবে। উল্লেখ্য, যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০১৫ এর ধারা ৩(২) মোতাবেক আইন কার্যকর হওয়ার তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও ফরমে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট হতে স্বীকৃতিপত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। নিবন্ধন সনদ বা স্বীকৃতিপত্র প্রদানের পর এতৎসংক্রান্ত তথ্যাদি ফরম 'ঙ' অনুযায়ী নিবন্ধন বইতে এন্ট্রি করে রাখতে হবে। বিধিমালার তফসিলে বর্ণিত ফরমসমূহ প্রস্তুতপূর্বক যুব সংগঠনসমূহের নিবন্ধন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

০২। নিবন্ধনকৃত ও স্বীকৃতিপত্রপ্রাপ্ত যুব সংগঠনসমূহকে সঠিকভাবে পরিচালনার জন্য তাদের একটি ডাটাবেইস/তথ্যভান্ডার প্রস্তুতপূর্বক তা জেলা ও যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবপোর্টালে প্রদর্শন করতে হবে। এক্ষেত্রে প্রতিটি ওয়েবপোর্টালের ডাটাবেইস পরস্পর সংযুক্ত করা হলে তথ্য ব্যবস্থাপনা এবং যুব সংগঠনসমূহের সাথে যুব উন্নয়ন অধিদপ্তরের সরাসরি যোগাযোগ সম্ভব হবে। উক্ত ডাটাবেইস দ্রুত প্রস্তুত করতে হবে।

০৩। ডিশম ২০২১, "টেকসই উন্নয়ন অভিষ্ট" সহ জাতীয়-আন্তর্জাতিক উন্নয়ন এজেন্ডা বাস্তবায়নে দেশের যুবসমাজকে সম্পৃক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় নিবন্ধনকৃত/স্বীকৃতিপ্রাপ্ত যুবসংগঠনসমূহকে বিভিন্ন প্রকল্প/কর্মসূচি ডিজিটাল কর্মকাণ্ডে নিয়োজিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। জজিবাদ ও মাদকাসক্তিসহ অন্যান্য সামাজিক ব্যাধি প্রতিরোধ এবং দুর্যোগকালীন সময়ে কার্যকর ভূমিকা পালনে যুবসংগঠনসমূহের সাথে সংশ্লিষ্ট যুবদের উদ্বুদ্ধকরণ জোরদার করতে হবে। যুবসংগঠনের সদস্যদের স্বেচ্ছাধর্মী কাজসহ প্রশিক্ষণে অংশগ্রহণ, আত্মকর্মসংস্থান, পরিবেশ সম্পর্কিত শিক্ষা ও সচেতনতা অর্জন, পরিবেশবান্ধব কৃষি ও শিল্পায়নে নিয়োজিত, নেতৃত্বের গুণাবলি অর্জন, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায়, সহিংসতা প্রদর্শন এবং স্বাস্থ্যসেবা ও জাতিগঠনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণসহ যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এ বর্ণিত যুব কার্যক্রমসমূহ বাস্তবায়নে সম্পৃক্তকরণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৫। এমতাবস্থায় উল্লিখিত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর

মোঃ মোহাম্মদুল হোসেন
যুগ্মসচিব

যুব উন্নয়ন অধিদপ্তর
বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন শাখা

স্মারক নং-৩৪.০১.০০০০-০২৬.৪৯.০৯৪.১৭(অংশ-১)-১০০৫

তারিখ: ২৬/৬/১৪২৪
০৪/৭/১৭

যুব উন্নয়ন অধিদপ্তরের ২১ জুন, ২০১৭ তারিখের ৩৪.০১.০০০০-০২৬.৪৯.০৯৪.১৭(অংশ-১)-১০০৫ নং স্মারকের নির্দেশনা ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে বর্ণিত স্মারকের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ নিবন্ধনকৃত ও স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনসমূহকে সঠিক ব্যবস্থাপনায় পরিচালনার লক্ষ্যে তাদের একটি ডাটাবেইস/তথ্য ভান্ডার জেলা ও যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব পোর্টালে প্রদর্শন করতে হবে। সে লক্ষ্যে নিম্নোক্ত ছকে নিবন্ধনকৃত ও স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের হালনাগাদ প্রতি মাসে তথ্য পরবর্তি মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে সফট ও হার্ড কপি আকারে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃনং	যুব সংগঠনের নাম ও ঠিকানা	যুব সংগঠন প্রতিষ্ঠার তারিখ	নিবন্ধন সনদ/স্বীকৃতিপত্রের নম্বর	নিবন্ধন/স্বীকৃতিপত্র প্রদানের তারিখ	সংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা ও মোবাইলনং	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

(মোঃ আখতার আলী সরকার)
পরিচালক(বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন)
ফোনঃ ০২-৯৫৫৩২৮৮।

উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
.....জেলা (সকল)

বিতরণঃ

- ০১। পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ওয়েব সাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। অফিস কপি।